

অভিনন্দন : সচেতন গার্ডিয়ান ফোরাম

শুভ সংবাদ শোনতে পাই, হাজারো অশুভ খবরেও । আপাততঃ সার্বিক অবক্ষয়ের নিম্নগামী সড়কে আমরা অনিকেত । এই দুর্যোগে নদীর অপর তীরে আশার ক্ষীণ আলোক বিচ্ছুরিত হতে দেখা যায় বিচ্ছিন্ন ভাবে ছড়ানো দেশ-প্রেম-তাড়িত বাঙালীর মাঝে । ভিন্ন সামাজিক-সংস্কৃতিতে আমরা যারা বিশেষতঃ মধ্যপ্রাচ্য দেশ সমূহে বসবাস করি, মৌলিক উপাদানের সংস্রব বড় অপ্রতুল, তার মাঝে হৃদয় প্রচেষ্টায় গড়ে তুলেছে প্রজন্মকে সুশীল ও সুযোগ্য করার ঠিকানা । অভঙ্গ্য স্বভাবের বিনাশী অসুর সিদ্ধাবাদের ভূত যেন । রিয়াদের প্রবাসীরা ক্ষোভে, সাহসে, প্রত্যয়ে প্রতিষ্ঠিত অনিয়মকে প্রতিরোধ করার দৃঢ় প্রতিজ্ঞায় সংঘবদ্ধ শক্তি আজ **“সচেতন গার্ডিয়ান ফোরাম”** ।

“সচেতন গার্ডিয়ান ফোরাম” এর আহ্বায়ক জনাব দেওয়ান আবদুল বাসেত সাহেব কে জানি একজন মেধাবী, দক্ষ ছড়াকার এবং সম্পাদক । তাঁর লেখায় যেমন তার সাহস ও যোগ্যতা প্রতিফলিত হয়েছে ও হচ্ছে তেমনি বিচক্ষণতার প্রমাণ রাখবেন এবং তাঁর সাহসী সতীর্থে একটি কল্যানমুখী বলিষ্ঠ নেতৃত্ব গড়ে তুলবেন ।

“সচেতন গার্ডিয়ান ফোরাম” এর কার্য পরিধি অতিক্রম করুক ভৌগলিক সীমা ।
অভিনন্দন সকল সাহসী মানুষদের ।

তাহের ম.শায়খ

জেদ্দা, মার্চ ০৮, ২০০৫